

কানাডার এক জ্যেষ্ঠ কূটনীতিককে বহিষ্কার করল ভারত

19শে সেপ্টেম্বর, 2023

ভারতে নিযুক্ত কানাডার হাই কমিশনারকে আজ তলব করা হয় এবং ভারতে অবস্থানরত কানাডার একজন জ্যেষ্ঠ কূটনীতিককে বহিষ্কারের ভারত সরকারের সিদ্ধান্ত সম্পর্কে অবহিত করা হয়। সংশ্লিষ্ট কূটনীতিককে আগামী পাঁচ দিনের মধ্যে ভারত ছাড়তে বলা হয়েছে।

এই সিদ্ধান্ত আমাদের অভ্যন্তরীণ বিষয়ে কানাডার কূটনীতিকদের হস্তক্ষেপ এবং ভারত বিরোধী কার্যকলাপে তাদের জড়িত থাকার বিষয়ে ভারত সরকারের দ্রুতবর্ধমান উদ্বেগকে প্রতিফলিত করে।

নয়া দিল্লি

19শে সেপ্টেম্বর, 2023